

পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি

৮৯, মহাত্মা গান্ধী রোড, কলিকাতা-৭০০ ০০৭

ফোন নং - (০৩৩) ২২৪১-২০৬০

সার্কুলার - ১/২০২৩

তারিখ ১৫-০২-২০২৩

কনভেনর প্রাইমারী ইউনিট/সম্পাদক জেলা কমিটি

-----কলেজ/বিশ্ববিদ্যালয়

সাথী,

আমাদের সকলের প্রিয় সমিতির ৮৪তম সম্মেলন ও ৯৪তম বার্ষিক সাধারণ সভা অত্যন্ত সাফল্যের সাথে সম্পন্ন করার জন্য আপনাদের সকলকে সংগ্রামী অভিনন্দন জানাই। কোভিড অতিমারির অধ্যায় অতিক্রম করে আপনাদের সার্বিক সহযোগিতায় এবারের সম্মেলন যে পর্যায়ে পৌঁছেছে তা নিশ্চিতভাবে আগামীদিনে শিক্ষা এবং শিক্ষকের স্বার্থে সমিতির সংগ্রামের তীব্রতা বহুলাংশে বৃদ্ধি করবে।


আপনাদের সকলকে জানাই ৯৪তম বার্ষিক সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রাপ্য বকেয়া ডি.এ.-র দাবিতে সমিতি আগামী ১৭ ফেব্রুয়ারি, ২০২৩ শুক্রবার অর্ধদিবস (দুপুর ২টো থেকে বিকাল ৫টা) কর্মবিরতির ডাক দিয়েছে। প্রাতঃ এবং সাক্ষ্যকালীন শিক্ষা প্রতিষ্ঠানের বন্ধুদের অনুরোধ আপনারা কাজের শেষ দু ঘন্টা এই কর্মসূচিতে অংশগ্রহণ করবেন। পরীক্ষা এবং অন্যান্য গুরুত্বপূর্ণ কাজে সদস্যদের ব্যাজ পরে দায়িত্ব পালনের অনুরোধ জানাই।

কনভেনর বন্ধুদের কাছে অনুরোধ আপনারা সমিতির কার্যালয় থেকে 'শতবর্ষের পথে অধ্যাপক সমিতি' শীর্ষক বইটি নিজের ইউনিটের সদস্য বন্ধুদের জন্য সংগ্রহ করবেন। সমিতিকে জানতে অধ্যাপনা পেশায় আগত নতুন বন্ধুদের জন্য এই সংকলনটি অত্যন্ত সহায়ক হবে।

SACT বন্ধুদের জন্য সমিতি ৯৪তম বার্ষিক সাধারণ সভায় যে দাবি উত্থাপন করেছে তা হল, এই বন্ধুদের কাজ এবং কাজের সময় সংক্রান্ত নির্দিষ্ট সরকারি আদেশনামা প্রকাশিত না হওয়া পর্যন্ত সপ্তাহে সর্বোচ্চ তিন দিন এবং দশটির বেশি ক্লাস দেওয়া বন্ধ করতে হবে।

রাজ্য সরকার বাজেটে ৩ শতাংশ ডি.এ. ঘোষণা করেছে। আমরা এই ঘোষণায় তীব্র ক্ষোভ প্রকাশ করছি। আগামী ১৭ ফেব্রুয়ারি, ২০২৩ আপনারা সকলে সমিতির আহ্বানে সাড়া দিয়ে বকেয়া ডি.এ. প্রাপ্তির আন্দোলনকে তীব্রতর করে তুলবেন, এই আহ্বান জানাচ্ছি।

শুভেচ্ছা সহ,



(কেশব ভট্টাচার্য)

সাধারণ সম্পাদক

মোবাইল নং ৯৮৩০০২১৭৯৪